**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৭৭/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১৭ অক্টোবর ২০১৭, ২ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভা বৈঠকে স্বাস্থ্যউন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতির খসড়া অনুমোদন

২। পাঁচদফা প্রস্তাবেই রোহিঙ্গা সংকট সমাধান সম্ভব : প্রধানমন্ত্রী

৩। মিয়ানমারের সেনাকর্মকর্তাদের ওপর নিষেধাজ্ঞা ইইউ'র

মিয়ানমারের ২০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা স্থগিত করেছে বিশ্বব্যাংক

৪। আইপিইউ সম্মেলনে মিয়ানমারের নিন্দা : রোহিঙ্গা প্রস্তাব সর্বোচ্চ ভোটে গৃহীত

৫। বাংলাদেশ আবার খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবে : কৃষিমন্ত্রী

৬। কারিগরি শিক্ষার প্রসারে সবাইকে এগিয়ে আসার আহ্বান শিক্ষামন্ত্রীর

৭। কর্মস্থলে অনুপস্থিত থাকলে শাস্তিমূলক ব্যবস্থা : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৮। বিশ্ব ইজতেমায় অংশ নিতে শর্তসাপেক্ষে 'অন অ্যারাইভাল ভিসা'

৯। দারিদ্র্য কমছে : বিবিএস জরিপ

১০। ব্লু হোয়েল লিংক ও রাতের ইন্টারনেট অফার বন্ধের নির্দেশ হাইকোর্টের

১১। ঢাকা শহরের বর্জ্য সকাল ৬ টার মধ্যে অপসারণে হাইকোর্টের নির্দেশ

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভার বৈঠকে স্বাস্থ্যউন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতির খসড়া অনুমোদন**

২০৪০ সালের মধ্যে প্রধানমন্ত্রী ঘোষিত তামাকমুক্ত বাংলাদেশ গড়তে 'স্বাস্থ্যউন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি ২০১৭' এর খসড়া অনুমোদন দেওয়া হয়েছে মন্ত্রিসভার বৈঠকে। নীতিমালায় আদায়কৃত সারচার্জ প্রায় ৯০০ কোটি টাকা ব্যয়ে ১৪টি খাত নির্ধারণ করা হয়েছে। প্রতিবছর এ খাতগুলোতে ঐ টাকা ব্যয় করা হবে। এর মধ্যে তামাক চাষিদের ভর্তুকি প্রদান ও অন্য ফসল চাষে উদ্বুদ্ধকরণ কর্মসূচি রয়েছে। গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। মন্ত্রিসভা 'জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি আইন, ২০১৭' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। বৈঠকের শুরুতে রোহিঙ্গা সংকট নিয়ে বিদেশি গণমাধ্যমগুলোতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'স্টার অব দ্য ইস্ট' ও 'মাদার অব হিউম্যানিটি' উপাধি দেয়ায় তাঁকে অভিনন্দন জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

২। **পাঁচদফা প্রস্তাবেই রোহিঙ্গা সংকট সমাধান সম্ভব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গত মাসে নিউইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ অধিবেশনে তিনি যে পাঁচদফা প্রস্তাব উত্থাপন করেছেন তার মাধ্যমেই চলমান রোহিঙ্গা সংকটের সমাধান হবে। তিনি গতকাল (১৬ অক্টোবর সোমবার) তাঁর (প্রধানমন্ত্রীর) ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান গ্রহণকালে বলেন, 'আমরা যুদ্ধ চাই না... আমরা বিশ্বাস করি, আলোচনার মাধ্যমেই সব সমস্যার সমাধান সম্ভব।' বাংলাদেশ অ্যাসোসিয়েশন অভ ব্যাংক প্রধানমন্ত্রীর কাছে তাঁর কার্যালয়ে অনুদানের চেক হস্তান্তর করে। প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় দখলদার পাকিস্তানি বাহিনীর গণহত্যার কথা স্মরণ করে বলেন, রোহিঙ্গারা ১৯৭১ সালের পাকিস্তানি বাহিনীর নির্যাতনের মতো বর্বরতার শিকার। নির্যাতিত রোহিঙ্গাদের সহায়তায় সর্বশ্রেণির মানুষের এগিয়ে আসার কথা উল্লেখ করে তিনি বলেন, এ দেশের মানুষ মানবতাবোধসম্পন্ন। তারা প্রত্যন্ত এলাকা থেকে সহায়তা নিয়ে রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী বলেন, বেসামরিক প্রশাসন, সেনা, নৌ ও বিমানবাহিনী, বিজিবি, পুলিশ এবং তাঁর দলের স্বেচ্ছাসেবকরা এসব নিপীড়িত মানুষের ভোগান্তি লাঘবে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১৬,ক.২)।

৩। **মিয়ানমারের সেনাকর্মকর্তাদের ওপর নিষেধাজ্ঞা ইইউ'র**
**মিয়ানমারের ২০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা স্থগিত করেছে বিশ্বব্যাংক**

মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে রোহিঙ্গাদের হত্যা, ধর্ষণ, নির্যাতন ও জোরপূর্বক দেশ ত্যাগের ঘটনায় দেশটির সেনাবাহিনীর প্রধানসহ সামরিক জ্যেষ্ঠ কর্মকর্তাদের ওপর আমন্ত্রণ নিষেধাজ্ঞা আরোপ করেছে ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ)। এছাড়া মিয়ানমারের সঙ্গে সব ধরনের সামরিক সহযোগিতা পুনর্মূল্যায়ণের সিদ্ধান্ত নিয়েছে ইইউ। অভ্যন্তরীণ দমননীতিতে ব্যবহার করা যায় এমন কোনো অস্ত্র মিয়ানমারের কাছে বিক্রি না করার বিষয়ে ইইউ ব্যবস্থা নিয়েছে। এতেও যদি পরিস্থিতির উন্নতি না হয় তবে ইউরোপীয় কাউন্সিল বাড়তি পদক্ষেপ নেবে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে একটি রেজ্যুলেশনে এই সিদ্ধান্ত গৃহীত হয়। এদিকে রাখাইনে রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর জাতিগত নিধনের প্রেক্ষাপটে মিয়ানমারের ২০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা স্থগিত করেছে বিশ্বব্যাংক। রাখাইন পরিস্থিতি বিশ্লেষণের পর রোহিঙ্গা ইস্যুতে উদ্বেগ জানিয়ে গত শুক্রবার ওয়াশিংটনে এক বিবৃতিতে এ তথ্য জানায় সংস্থাটি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ, প্রথম আলো, বাংলাদেশ টুডে, নিউজ টুডে, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **আইপিইউ সম্মেলনে মিয়ানমারের নিন্দা : রোহিঙ্গা প্রস্তাব সর্বোচ্চ ভোটে গৃহীত**

রাশিয়ার সেন্টপিটাসবার্গে চলমান ইন্টারপার্লামেন্টারি ইউনিয়নের ১৩৭তম সম্মেলনে গত ১৫ অক্টোবর রোববার ইমারজেন্সি আইটেম হিসেবে ১৪টি প্রস্তাবনা উত্থাপিত হয়। এর মধ্যে রোহিঙ্গাদের ইস্যু ছাড়াও বিভিন্ন প্রস্তাবনা ছিল। পরবর্তীতে ১৭টি দেশ রোহিঙ্গা ইস্যুর সমর্থনে তাদের প্রস্তাবনা প্রত্যাহার করে নিলে শেষ পর্যন্ত ৩টি

প্রস্তাবনার ওপর ভোটাভুটি হয়। এতে রোহিঙ্গা সংক্রান্ত প্রস্তাবনাটি সর্বোচ্চ ভোট পেয়ে আলোচনার জন্য গৃহীত হয়। রোহিঙ্গা প্রস্তাবের পক্ষে ভোট পড়ে ১ হাজার ২৭টি। বাংলাদেশের পক্ষ থেকে উপস্থাপিত এ প্রস্তাবে নিরীহ রোহিঙ্গাদের বিরুদ্ধে চলমান গণহত্যার নিন্দা জানিয়ে অবিলম্বে এ অঞ্চলে মানবিক সংকটের অবসান, আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনা এবং বাস্তুহারা রোহিঙ্গাদের সসম্মানে দেশে ফিরিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মিয়ানমারের প্রতি আহ্বান জানানো হয়েছে। অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা এবং সংসদের ডেপুটি স্পিকার ফজলে রাব্বি মিয়া 'স্টপ অ্যাট্রোসিটিস এন্ড ফোর্সড ডিসপ্লেসমেন্ট অব রোহিঙ্গাস এন্ড এনশিওর দেয়ার রিটার্ন টু দেয়ার হোমল্যান্ড ইন দ্য রাখাইন স্টেট অব মিয়ানমার ইমিডিয়েটলি এন্ড আনকন্ডিশনালি' শীর্ষক প্রস্তাবনাটি উপস্থাপন করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৩)।

**৫। বাংলাদেশ আবার খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবে : কৃষিমন্ত্রী**

প্রাকৃতিক দুর্যোগ এবং মানবসৃষ্ট কৃত্রিম খাদ্য সংকট মোকাবিলা করে আবারও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবে বাংলাদেশ। 'বিশ্ব খাদ্য দিবস ও খাদ্য মেলা ২০১৭' এর উদ্বোধন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমন মন্তব্য করেন। কৃষি মন্ত্রণালয় ও জাতিসংঘের কৃষি ও খাদ্য সংস্থা (এফএও) যৌথভাবে 'অভিবাসনের ভবিষ্যৎ বদলে দাও, খাদ্য নিরাপত্তা ও গ্রামীণ উন্নয়নে বিনিয়োগ বাড়াও' শিরোনামে গতকাল (১৬ অক্টোবর সোমবার) কৃষিবিদ ইনস্টিটিউশনে এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধানবক্তার বক্তৃতায় কৃষিমন্ত্রী বলেন, আমাদের দেশের কৃষকের অদম্য মনোবলের কারণে আমরা প্রকৃতির সঙ্গে যুদ্ধ করে কৃষিকে সমৃদ্ধ করতে পেরেছি। এ বছর পরপর বন্যার কারণে খাদ্য উৎপাদনে কিছু সমস্যা হয়েছে। এ অবস্থায় বাংলাদেশের পার্শ্ববর্তী দেশ থেকে একটি বিশাল জনসংখ্যার বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। মায়ানমারকে অবশ্যই রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে হবে।

প্রধান অতিথির বক্তৃতায় সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ওবায়দুল কাদের বলেন, বাংলাদেশের কৃষিখাতে একটি নীরব বিপ্লব ঘটে গেছে। এ বিপ্লব শুরু করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বর্তমানে এ বিপ্লবের নেতা আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং রূপকার কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। মন্ত্রী আরও বলেন, আমাদের কৃষির সোনালী সম্ভাবনাকে এগিয়ে নিতে হলে সম্মিলিতভাবে কাজ করতে হবে। কৃষিতে গবেষণার বিষয় উল্লেখ করে মন্ত্রী বলেন, কৃষিতে উন্নত গবেষণার ফলে আমরা খাদ্য উৎপাদনে এগিয়ে গেছি এবং বিশ্বের কাছে আমাদের দেশটি একটি মডেল হিসেবে পরিণত হয়েছে। মন্ত্রী কৃষি গবেষণায় বিনিয়োগ বৃদ্ধিতে গুরুত্বারোপ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**৬। কারিগরি শিক্ষার প্রসারে সবাইকে এগিয়ে আসার আহ্বান শিক্ষামন্ত্রীর**

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার ও এর গুণগত মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, কারিগরি শিক্ষার উন্নয়নের লক্ষ্যে সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ করতে হবে। এজন্য সব অংশীজনের পরামর্শ ও মতামত গ্রহণ এবং প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি) উন্নয়নবিষয়ক এক সভায় সভাপতিত্বকালে মন্ত্রী একথা বলেন। সভায় জানানো হয়, দেশে পাঁচটি টাস্কফোর্স হচ্ছে-পলিসি ও প্রজেক্ট ফর্মুলেশন, ইন্ডাস্ট্রি ও ইনস্টিটিউট লিংকেজ, টিভিইটি এনরোলমেন্ট, কারিকুলাম ডেভেলপমেন্ট, জব মার্কেট অ্যাসেসমেন্ট ও এপ্লয়মেন্ট টাস্কফোর্স। টাস্কফোর্সগুলো টিভিইটির উন্নয়নে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা গ্রহণের জন্য নিজ নিজ ক্ষেত্রে সুপারিশমালা প্রণয়ন করবে। সভায় আগামী ৩০ নভেম্বরের মধ্যে সুপারিশমালা জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**৭। কর্মস্থলে অনুপস্থিত থাকলে শাস্তিমূলক ব্যবস্থা : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

কর্মস্থলে অনুপস্থিত থাকলে চিকিৎসকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে প্রয়োজনে চাকরিচ্যুতির নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (১৬ অক্টোবর সোমবার) সচিবালয়ের অনুষ্ঠিত সরকারি হাসপাতালে সেবার মনোন্নয়ন সংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। তিনি বলেন,

সরকারি হাসপাতালে সাম্প্রতিক সময়ে সরকারের কঠোর নজরদারি বাড়ানোর ফলে তৃণমূল পর্যায়ে চিকিৎসাসেবার মান বৃদ্ধি পেয়েছে। কিন্তু চিকিৎসক না থাকায় সাধারণ মানুষ হাসপাতালে এসে চিকিৎসা পাবে না, তা কোনোভাবেই বরদাশত করা হবে না। এজন্য যে চিকিৎসক বিনা অনুমতিতে হাসপাতালে সময়মতো উপস্থিত থাকবেন না তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, হাসপাতালে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিত না করতে পারলে বিভাগীয় পরিচালক, সিভিল সার্জন বা দায়ী হাসপাতাল সুপারভাইজাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। সূত্র- **ভোরের কাগজ** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.৫,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৮। বিশ্ব ইজতেমায় অংশ নিতে শর্তসাপেক্ষে 'অন অ্যারাইভাল ভিসা'**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, বাংলাদেশে যেসব দেশের দূতাবাস বা মিশন নেই, সেসব দেশ থেকে টঙ্গীতে অনুষ্ঠিতব্য বিশ্ব ইজতেমায় আসতে চাইলে তাদের শর্তসাপেক্ষে 'অন অ্যারাইভাল ভিসা' দেওয়া হবে। তবে তাদের আমাদের দেশের তাবলিগের মুরব্বিদের অনুমতি নিতে হবে। ঐ অনুমতি নিয়ে তারা এলে তাদের ৩০ দিনের অন অ্যারাইভাল ভিসা দেওয়া হবে। পরে প্রয়োজনে এ ভিসা বাড়িয়ে দেওয়া যেতে পারে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) আগামী জানুয়ারি মাসে অনুষ্ঠিতব্য বিশ্ব ইজতেমা নিয়ে আইনশৃঙ্খলা বাহিনীর পদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর ব্রিফিংয়ে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, আগামী বছরের ১২ থেকে ১৪ জানুয়ারি অনুষ্ঠিত হবে প্রথম পর্বের ইজতেমা, দ্বিতীয় পর্বে হবে ১৯ থেকে ২১ জানুয়ারি। সূত্রঃ **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**৯। দারিদ্র্য কমছে : বিবিএস জরিপ**

২০১৬ সাল শেষে দেশের মোট জনসংখ্যার ২৪ দশমিক ৩ শতাংশ দরিদ্র। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ খানা আয় ও ব্যয় জরিপে (এইচআইইএস) দারিদ্র্য পরিস্থিতির এ চিত্র পাওয়া গেছে। এর আগে ২০১০ সালে এ জরিপ পরিচালনা করে বিবিএস। তখন দেশের জনসংখ্যার ৩১ দশমিক ৫০ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করত। ছয়বছরের ব্যবধানে দারিদ্র্যের হার ৭ দশমিক ২ শতাংশ কমেছে। মোট দারিদ্র্যের পাশাপাশি অতি দারিদ্র্যের হারও আগের তুলনায় কমেছে। সর্বশেষ জরিপে অতি দারিদ্র্যের হার দাঁড়িয়েছে ১২ দশমিক ৯ শতাংশ, যা ২০১০ সালের জরিপে ছিল ১৭ দশমিক ৬ শতাংশ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

**১০। ব্লু হোয়েল লিংক ও রাতের ইন্টারনেট অফার বন্ধের নির্দেশ হাইকোর্টের**

রাত ১২ টা থেকে ভোর ৬টা পর্যন্ত মোবাইল ফোন অপারেটররা যে বিশেষ ইন্টারনেট অফার দেয় তা ছয়মাসের জন্য বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। গতকাল (১৬ অক্টোবর সোমবার) এ সংক্রান্ত দায়ের করা পৃথক রিট আবেদনের শুনানি শেষে এ আদেশ দেন বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি জে বি এম হাসানের হাইকোর্ট বেঞ্চ। এ ছাড়াও আত্মহত্যায় প্ররোচনাকারী ব্লু হোয়েল গেমসহ এ জাতীয় সব খেলা বন্ধে গেটওয়ের লিংক ও অ্যাপ বন্ধে পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছে আদালত। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**১১। ঢাকা শহরের বর্জ্য সকাল ৬ টার মধ্যে অপসারণে হাইকোর্টের নির্দেশ**

ঢাকার দুই সিটি করপোরেশনের সব বর্জ্য রাত ১০টা থেকে সকাল ৬টার মধ্যে অপসারণের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। পাশাপাশি ঢাকনা ছাড়া ট্রাক বা ভ্যান দিয়ে বর্জ্য সংগ্রহ ও পরিবহণ বন্ধেও ব্যবস্থা নিতে বলা হয়েছে। গতকাল (১৬ অক্টোবর সোমবার) হাইকোর্টের একটি বেঞ্চ এ আদেশ দেয়। ৪৫ দিনের মধ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন কর্তৃপক্ষকে হাইকোর্টের এই আদেশ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানিয়ে আদালতে একটি প্রতিবেদন দাখিল করতেও বলা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সংবাদ :** সড়ক দুর্ঘটনার জন্য চালক ও পথচারীদের অসতর্কতা এবং যানবাহনের বেপরোয়া গতি দায়ী, তাই সড়কে মানুষের জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে হলে ট্রাফিক নিয়মনীতির যথাযথ প্রয়োগের পাশাপাশি মানসিকতাও বদলাতে হবে বলে অভিমত।

খ. **জনকণ্ঠ :** মাতৃত্বকালীন ভাতা নিয়ে কিছু মানুষের অনিয়ম আর দুর্নীতির কারণে যেন সাধারণ মানুষ ন্যায্য প্রাপ্তি থেকে বঞ্চিত না হয় সে ব্যাপারে সবাইকে সচেতন থাকার আহ্বান।

গ. **প্রথম আলো :** সামাজিক যোগাযোগ মাধ্যমে বখাটেদের অপকর্মের ভিডিও তুলে দেওয়ার ঘটনা বেড়ে যাওয়ায় এই সাইবার অপরাধ ও অনাচারের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** মা ইলিশ রক্ষায় ২২ দিনের নিষেধাজ্ঞার কর্মসূচি যেন নিছক পরিকল্পনা ও দূরদর্শিতার অভাবে ব্যর্থ না হয় সে বিষয়ে প্রশাসনকে সতর্ক থাকার আহ্বান ।

ঙ. **যুগান্তর :** তৈরিপোশাকের ইউরোপীয় ক্রেতাজোট অ্যাকর্ডের মেয়াদ আরও তিনবছর বাড়ানোর একতরফা সিদ্ধান্ত হাইকোর্ট স্থগিত করার বিষয় তুলে ধরে কোনো অজুহাতেই আর মেয়াদ বাড়ানো নয় বলে প্রত্যাশা ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীসহ দেশের অন্য শহরগুলো বাসযোগ্য রাখতে সেবাখাতগুলোকে নগরবাসীর জন্য মানসম্পন্ন সেবা নিশ্চিত করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে অভিভাবকদের গাড়িগুলো বিশৃঙ্খলভাবে রাখায় যানজট প্রকট আকার ধারণ করছে বিধায় অভিভাবকদের এ ব্যাপারে সচেতন হওয়াসহ শিক্ষার্থীদের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের নিজস্ব যানবাহনের ব্যবস্থা করার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** বাংলাদেশে আইসিটিখাতের আউটসোর্সিং বাজার ব্যাপকভাবে বেড়ে উঠায় দেশের যুবসমাজের কর্মসংস্থানের ব্যবস্থা করার লক্ষ্যে সরকারকে এখাতে সহায়তা আরও বাড়ানোর আহ্বান।

ঝ. **নিউ এজ :** ঢাকায় চিহ্নিত ৭২ হাজার ঝুঁকিপূর্ণ ভবনের বিরুদ্ধে রাজউকের যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'শান্তির জননী শেখ হাসিনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শান্তির জননী হিসেবে আজকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে এবং আন্তর্জাতিকভাবে যে অবস্থান নিয়েছেন, সেটি আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে একটি শ্রেষ্ঠ মানবিক উদাহরণ হিসেবে বিবেচিত হবে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘণ্টা